

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১৩১.১১.০৬৬.৮৬-৮৫

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬

বিষয়: পাবনা জেলার ঈশ্বরদী পৌরসভার ০১ ও ০২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল আলিমের নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার ঈশ্বরদী পৌরসভার ০১ ও ০২ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল আলিম বিধিবিহীনভাবে পাবনা জেলার ঈশ্বরদী পৌরসভার সরকারি সাঁড়া মাড়োয়ারী উচ্চ বিদ্যালয়ে শিক্ষক হিসেবে কর্মরত থাকা অবস্থায় নিকাহ রেজিস্ট্রারের দায়িত্ব পালন করার বিষয়টি জেলা রেজিস্ট্রারের তদন্তে এবং স্বয়ং অভিজুক্ত নিকাহ রেজিস্ট্রারের কারণ দর্শানো লিখিত জবাবে স্বীকারোক্তির ভিত্তিতে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২০ এর সুস্পষ্ট লঙ্ঘন তথা একই বিধিমালায় বিধি ১১ অনুযায়ী অসদাচরণ গণ্য হওয়ায় এবং অভিজুক্ত নিকাহ রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত কারণ দর্শানোর লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁর নামে এ বিভাগ হতে গত ০১/০১/১৯৯৮ খ্রি. তারিখে ০১-বিচার-০৭/২-এন-৬৬/৮৬ নং স্মারকে ইস্যুকৃত নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে, উক্ত অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সল্লিকটবর্তী) কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুল আলিম এর নিকট হতে বাল্য বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, পাবনা-কে নির্দেশ প্রদান করা হলো। ঈশ্বরদী পৌরসভার শূন্য ঘোষিত ০১ ও ০২ নং ওয়ার্ডে উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, পাবনা/সাব-রেজিস্ট্রার, ঈশ্বরদী, পাবনা-কে অবহিত করা হলো।

স্বা.

(মোঃ আবদুল ওয়াহাব)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

জেলা রেজিস্ট্রার,
পাবনা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০৬৬.৮৬-

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩৩
২১ জুন ২০২৬

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, বগুড়া।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, ঈশ্বরদী, পাবনা।
১০. অফিসার ইনচার্জ, ঈশ্বরদী থানা, পাবনা।
১১. জনাব মোঃ আব্দুল আলিম, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০১ ও ০২ নং ওয়ার্ড, ঈশ্বরদী পৌরসভা
উপজেলা: ঈশ্বরদী, জেলা: পাবনা।
১২. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব

২১/০১/২০২৬